


**Media Coverage** 

Publication	Date	Edition	Headline	Size
Aajkal	3 April 2022	Mumbai	Genius Consultations	60



## আজকালের প্রতিবেদন

তরুণদের কর্মদক্ষতা বাড়াতে এবং কর্মসংস্থানের লক্ষ্যে কারিগরি প্রশিক্ষণের আয়োজন করল জিনিয়াস কনসালট্যান্ট লিমিটেড। এই উদ্দেশ্যকে বাস্তবায়িত করতে সংস্থাটি ইলেক্ট্রনিকস্ সেক্টর স্কিলস কাউলিল অফ ইন্ডিয়া (ইএসএসসিআই)–এর সঙ্গে গাঁটছড়া বেঁধেছে। এই বিষয়ে দুই সংস্থার মধ্যে একটি সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়।

ইতিমধ্যেই বারাসতে এসেনসিভ এড়কেয়ার লিমিটেড–এর তত্ত্বাবধানে বেশ কিছু বিষয়ে প্রশিক্ষণ দেওয়া শুরু হয়েছে। যেমন— ফ্রিজ, এয়ারকন্তিশন মেশিন, ওয়াশিং মেশিন, ওয়াটার পিউরিফায়ার প্রভৃতি সারানোর প্রশিক্ষণ শুরু হয়েছে। প্রশিক্ষণের মেয়াদ ৬ মাস। জিনিয়াস কলসালট্যান্ট লিমিটেড–এর সিএমিড আর পি যাদব জানান, এই প্রশিক্ষণ সম্পূর্ণ হওয়ার পর প্রত্যেক শিক্ষার্থীকে তাঁদের কাজের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম দেওয়া হবে। এর ফলে শুধু চাকরি নয়, শিক্ষার্থীরা চাইলে ব্যক্তিগত উদ্যোগে ব্যবসাও শুরু করতে পারবেন। এই ব্যাপারেও প্রয়োজনীয় সাহায্য করা হবে শিক্ষার্থীদের।